নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২৫২ ০১ সেপ্টেম্বর ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবির সঙ্গে গেট-এইড লিমিটেডের চুক্তি স্বাক্ষর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে গেট-এইড লিমিটেডের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। আজ সোমবার (০১ সেপ্টেম্বর ২০২৫) উপাচার্যের সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে নোবিপ্রবির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী। অন্যদিকে গেট-এইড লিমিটেড ইউর ক্যাম্পাস প্রজেক্টের পক্ষে স্বাক্ষর করেন প্রতিষ্ঠানটির প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মো. শাফায়েত উল্লাহ। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্যে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, নোবিপ্রবি এবং গেট-এইড লিমিটেডের মধ্যে স্বাক্ষরিত এ চুক্তি আমাদের শিক্ষার্থীদের জীবনযাত্রাকে আরও সহজ ও আধুনিক করবে। শিক্ষার্থীদের সময় সাশ্রয় হবে এবং তারা নিয়মিত পাঠে মনোনিবেশ করতে পারবে। এ সময় তিনি আরও বলেন, আমরা চাই আমাদের শিক্ষার্থীদের কষ্ট লাঘব হউক, তারা সৃজনশীল কাজে যুক্ত হউক। প্রযুক্তির যথাযথ ব্যবহারের মাধ্যমে আমরা নোবিপ্রবিকে স্মার্ট ও ক্যাশলেস একটি ক্যাম্পাস হিসেবে গড়ে তুলতে চাই। তারই অংশ হিসেবে গেট-এইড লিমিটেডের সেবাসমূহ আমরা আমাদের শিক্ষার্থীদের জন্য দ্রুততম সময়ের মধ্যেই নিশ্চিত করতে চাই।

অনুষ্ঠানে অন্যান্যের মাঝে নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মহিনুজ্জামান, নবাব ফয়জুন্নেসা চৌধুরাণী হলের প্রভোস্ট ড. আবিদুর রহমান, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক ড. মো. শিবলুর রহমানসহ শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, এই চুক্তির মাধ্যমে নোবিপ্রবি শিক্ষার্থীরা হলসমূহে সাশ্রয়ী মূল্যে ওয়াশিং মেশিন, ভেন্ডিং মেশিন, ইওর ক্যারিয়ার, ইওর শপ ও লকার সার্ভিসের মতো সেবাসমূহ পাবে।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪